



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-০৬/২০২৬

তারিখঃ ০৬/০২/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টমস হাউস, চট্টগ্রাম এর জারীকৃত স্থায়ী আদেশ নং- ১০, তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

স্থায়ী আদেশ নং: ১০

তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি.

বিষয়: জেটি কাস্টমস থেকে প্রতিদিন আমদানি পণ্যের নমুনা প্রেরণের সময়সীমা বৃদ্ধি ও (24 x 7) খোলা রাখা প্রসঙ্গে।

সূত্র: এ দপ্তরের আদেশ নং- ০১, তারিখ: ০৭/০৪/১৯৯১ খ্রি.।

আমদানিকৃত পণ্যের সঠিক প্রকৃতি নির্ণয়, শ্রেণী বিন্যাস ও সরকারী রাজস্ব সংরক্ষণ এর উদ্দেশ্যে যথাযথভাবে নমুনা সংগ্রহ, জেটি কাস্টমস থেকে নমুনা কাস্টমস হাউসে প্রেরণ ও নমুনা পরীক্ষার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এ দপ্তর থেকে জারীকৃত স্থায়ী আদেশ নং-১, তারিখ: ০৭/০৪/১৯৯১ খ্রি. অনুযায়ী জেটি কাস্টমস থেকে প্রতিদিন দুইবার সকাল সাড়ে নয়টায় এবং বিকাল তিনটায় নমুনা প্রেরণ করবেন মর্মে আদেশে উল্লেখ করা হয়।

২। কিন্তু বেলা তিনটার পর সংগৃহীত নমুনাসমূহ একই দিনে প্রেরণ করা সম্ভব না হওয়ায় সেসব পণ্যের শুষ্কায়ন ও রাসায়নিক পরীক্ষার কার্যক্রম বিলম্বিত হয়, ফলে আমদানিকৃত পণ্য খালাসে সময়ক্ষেপণ ঘটে। এক্ষেত্রে প্রতিদিন চারটায় তৃতীয় দফায় নমুনা প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হলে সংশ্লিষ্ট নমুনাসমূহের শুষ্কায়ন ও রাসায়নিক পরীক্ষার কার্যক্রম দ্রুত সম্পন্ন হবে এবং পণ্য সময়মত খালাস করা যাবে।

৩। এমতাবস্থায়, আমদানি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে জারীকৃত স্থায়ী আদেশ নং-১, তারিখ: ০৭/০৪/১৯৯১ খ্রি. এর ক্রমিক নং-৭, আংশিক সংশোধন করে প্রতিদিন তিনবার সকাল সাড়ে নয়টায়, বিকাল তিনটায় এবং বিকাল চারটায় নমুনা প্রেরণ করবেন। একই সাথে সপ্তাহের ৭ দিন ২৪ ঘণ্টা (24 x 7) জেটি নমুনা শাখা খোলা রাখার নির্দেশ প্রদান করা হলো এবং সপ্তাহের ৭ দিন নমুনা উত্তোলন করা যাবে।

স্বাঃ/

মোহাম্মদ শফি উদ্দিন

কমিশনার অব কাস্টমস (চ: দাঃ)

কাস্টমস হাউস, চট্টগ্রাম।

তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি.।

নথি নং: ২৮(৩০)কাস ৯৮-৯৯-২০০১-২০০৪/৬৭৬২/(২৩)